

## ■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৭১৬

৮/ লুকতাহ (হারানো বস্তু প্রাপ্তি) (كتاب اللقطة)

পরিচ্ছেদঃ ১. লুকতার সংজ্ঞা

بَابُ التَّعْرِيفِ بِاللَّقْطَةِ

আরবী

حَدَّثَنَا جَعْفُرُ بْنُ مُسَافِرٍ التِّنِيسِيُّ، حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكَ، حَدَّثَنَا مُوسَى بْنُ يَعْقُوبَ الزَّمَعِيُّ، عَنْ أَبِي حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ، أَخْبَرَهُ أَنَّ عَلَيَّ بْنَ أَبِي طَالِبٍ دَخَلَ عَلَى فَاطِمَةَ وَحَسَنَ وَحُسَيْنَ يَبْكِيَانِ فَقَالَ: مَا يُبْكِيْهُمَا، قَالَتْ: الْجُوعُ فَخَرَجَ عَلَيْهِ فَوَجَدَ دِينَارًا بِالسُّوقِ فَجَاءَ إِلَى فَاطِمَةَ فَأَخْبَرَهَا فَقَالَتْ: اذْهَبْ إِلَى فُلَانِ الْيَهُودِيِّ فَخُذْ لَنَا دِقِيقًا، فَجَاءَ الْيَهُودِيَّ فَاشْتَرَى بِهِ فَقَالَ الْيَهُودِيُّ: أَنْتَ خَتَنْ هَذَا الَّذِي يَزْعُمُ أَنَّهُ رَسُولُ اللَّهِ، قَالَ: نَعَمْ، قَالَ: فَخُذْ دِينَارَكَ وَلَكَ الدِّقِيقُ، فَخَرَجَ عَلَيْهِ حَتَّى جَاءَ بِهِ فَاطِمَةَ فَأَخْبَرَهَا، فَقَالَتْ: اذْهَبْ إِلَى فُلَانِ الْجَزَّارِ فَخُذْ لَنَا بِدِرْهَمٍ لَحْمًا، فَذَهَبَ فَرَهَنَ الدِّينَارَ بِدِرْهَمٍ لَحْمٍ فَجَاءَ بِهِ فَعَجَنَتْ وَنَصَبَتْ وَخَبَزَتْ، وَأَرْسَلَتْ إِلَيْ أَبِيهَا فَجَاءَهُمْ، فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ أَذْكُرْ لَكَ فَإِنْ رَأَيْتَهُ لَنَا حَلَالًا أَكْلَنَاهُ، وَأَكْلَتْ مَعَنَا مِنْ شَأْنِهِ كَذَا، وَكَذَا، فَقَالَ: كُلُوا بِاسْمِ اللَّهِ، فَأَكَلُوا فِيْنَمَا هُمْ مَكَانِهِمْ، إِذَا غُلَامٌ يَنْشُدُ اللَّهَ وَالْإِسْلَامَ الدِّينَارَ، فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدُعِيَ لَهُ، فَسَأَلَهُ، فَقَالَ: سَقَطَ مِنِّي فِي السُّوقِ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "يَا عَلَيْ اذْهَبْ إِلَى الْجَزَّارِ، فَقُلْ لَهُ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَكَ، أَرْسِلْ إِلَيَّ بِالدِّينَارِ، وَدِرْهَمُكَ عَلَيَّ" فَأَرْسَلَ بِهِ فَدَفَعَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْهِ

حسن

বাংলা

১৭১৬। সাহল ইবনু সাদ (রাঃ) সূত্রে বর্ণিত। একদা 'আলী ইবনু আবু তালিব (রাঃ) ফাত্তিমাহ (রাঃ) এর কাছে গিয়ে হাসান ও হসাইন (রাঃ)-কে কান্নারত পেয়ে তাকে কান্নার কারণ জিজ্ঞেস করেন। তখন ফাত্তিমাহ (রাঃ) বলেন, তাঁরা ক্ষুদার জ্বালায় কান্না করছে। 'আলী (রাঃ) ঘর থেকে বের হলেন এবং বাজারে গিয়ে একটি দীনার পতিত অবস্থায় পেলেন। তিনি দীনারটি ফাত্তিমাহর কাছে নিয়ে এসে বিষয়টি তাকে জানালেন। ফাত্তিমাহ বলেন, আপনি দীনারটি নিয়ে উমুক ইয়াহুদীর কাছে গিয়ে আমাদের জন্য আটা ক্রয় করুন।

অতঃপর 'আলী (রাঃ) ইয়াহুদীর কাছে গিয়ে আটা কিনলেন। ইয়াহুদী বললো, আপনি তো ঐ লোকের জামাতা, যিনি নিজেকে 'আল্লাহর রসূল' দাবী করেন। তখন 'আলী (রাঃ) বলেন, হ্যাঁ। তখন ইয়াহুদী বললো, আপনি দীনারটি ফেরত নিন এবং এই আটাও নিয়ে যান (মূল্য দিতে হবে না)। 'আলী (রাঃ) আটা নিয়ে ফাত্তিমাহ (রাঃ) এর কাছে এসে বিষয়টি জানালেন। ফাত্তিমাহ (রাঃ) বললেন, আপনি উমুক কসাইয়ের কাছে গিয়ে আমাদের জন্য এক দিরহামের মাংস ক্রয় করুন। তিনি সেখানে গিয়ে দীনারটি বন্ধক রেখে এক দিরহাম মূল্যের মাংস কিনে ঘরে ফিরলেন।

ফাত্তিমাহ (রাঃ) আটা দিয়ে রুটি বানালেন এবং মাংস রান্না করলেন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে খবর দিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদের কাছে আসলে ফাত্তিমাহ (রাঃ) বলেন, হে আল্লাহর রসূল! আমি আপনাকে ঘটনাটি খুলে বলছি। আপনি যদি এটা আমাদের জন্য হালাল মনে করেন তাহলে আমরা তা খাবো এবং আমাদের সাথে আপনিও খাবেন। ঘটনা এরূপ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তোমরা বিসমিল্লাহ বলে খাও।

তাঁরা যখন খাচ্ছিলেন তখন এক যুবক আল্লাহ ও ইসলামের নামে শপথ উচ্চারণ করে দীনারটি খুঁজছিলো। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশ মোতাবেক তাকে ডেকে দীনার সম্পর্কে জিজ্ঞেস করা হলো। সে বললো, দীনারটি আমার নিকট থেকে বাজারে পড়ে গেছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে 'আলী! তুমি কসাইয়ের নিকট গিয়ে বলো, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনাকে দীনারটি আমার কাছে ফেরত দিতে বলেছেন। আর তিনি আপনার দিরহাম দিয়ে দিবেন। অতঃপর কসাই তা ফেরত দিলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটি ঐ যুবককে ফিরিয়ে দিলেন। [1]

হাসান।

## English

Sahl bin Sa'd said :

'Ali bin Abi Talib entered upon Fatimah while Hasan and Husain were crying. He asked: Why are they crying? She replied: Due to hunger. 'Ali went out and found a dinar in the market. He then came to Fatima and told her about it. She said: Go to such and such a Jew and get some flour for us. He came to the Jew and purchased flour with it. He said : Are you the son-in-law of him who believes that he is the Messenger of Allah. He said : Yes. The Jew said :

Have your dinar with you and you will get the flour. Ali then went out and came to Fatima. He told her about the matter. She then said: Go to such and such a butcher and get some meat for us for a dirham. Ali went out and pawned the dinar for a dirham with him and got the meat, and brought it (to her). She then kneaded the flour, put the utensil on fire and baked the bread. She sent for her father : (i.e. the Prophet (SWAS). He came to them. She said to him : Messenger of Allah, I tell you all the matter. If you think it is lawful for us, we shall eat it and you will eat with us. She said: The matter is such and such. He said: eat in the name of Allah. So they ate it. While they were (eating) at their place, a boy cried adguring in the name of Allah and Islam: He was searching the dinar. The Messenger of Allah (SWAS) commanded and he was called in. He asked him. The boy replied, I lost it somewhere in the market. The Prophet (SWAS) said : `Ali, go to the butcher and tell him that the Messenger of Allah (SWAS) has asked you : send the dinar to me and one dirham of yours will be due on me. The butcher returned it and the Messenger of Allah (SWAS) handed it to him (the boy).

## ফুটনোট

[1]. বায়হাকী।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ সাহল বিন সাইদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=59035>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন